

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক শাখা

প্রজ্ঞাপন

ঢাকা, ৩১ ডিসেম্বর ২০১৫/ ১৭ পৌষ ১৪২২

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০০৬.০০২.১৪. ২০৫ বিভিন্ন সময়ে সরকারি প্রতিষ্ঠানসমূহের নিজেদের মধ্যে মামলার উদ্ভব হওয়ার কারণে সরকারের অনেক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত ও কর্মসূচি বাস্তবায়ন বাধাগ্রস্ত হওয়াসহ সরকারি অর্থের অপচয় হওয়ায় এই ধরনের পরিস্থিতিতে বিরোধ নিষ্পত্তি এবং নিজেদের মধ্যে মামলা পরিহারের লক্ষ্যে যথাযথ কার্যক্রম গ্রহণের জন্য গঠিত 'আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটি'র সিদ্ধান্তে সংক্ষুব্ধ পক্ষের আপিল নিষ্পত্তির লক্ষ্যে সরকার নিম্নরূপ 'আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি' গঠন করিয়াছে:

আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি:

(ক) কমিটির গঠন :

- | | |
|---|----------|
| (১) মন্ত্রী, অর্থ মন্ত্রণালয় | - সভাপতি |
| (২) মন্ত্রী, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | - সদস্য |
| (৩) সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রী/প্রতিমন্ত্রী | - সদস্য |

(খ) সহায়তাদানকারী কর্মকর্তা :

- (১) মন্ত্রিপরিষদ সচিব
- (২) মুখ্য সচিব/প্রধানমন্ত্রীর সচিব
- (৩) সচিব, আইন ও বিচার বিভাগ
- (৪) সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ
- (৫) সচিব, সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ

(গ) কমিটির সভাপতির নিজ মন্ত্রণালয়/বিভাগ কোন আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধের পক্ষ হইলে এই কমিটির সদস্য হিসাবে নিয়োজিত পরবর্তী জ্যেষ্ঠ মন্ত্রী কমিটির সভাপতির দায়িত্ব পালন করিবেন।

(ঘ) কমিটির কার্যপরিধি:

আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে সংক্ষুব্ধ পক্ষগণ এই মন্ত্রিসভা কমিটির নিকট আপিল দায়ের করিতে পারিবে। মন্ত্রিসভা কমিটি উক্ত আপিল নিষ্পত্তি করিবে এবং এই কমিটির সিদ্ধান্ত চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করিবে।

২। এই আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,


(মোঃ মোস্তাফিজুর রহমান)

অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোনঃ ৯৫১১০৩৬

উপপরিচালক

বাংলাদেশ সরকারি ফরম ও প্রকাশনা অফিস

তেজগাঁও, ঢাকা [বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায়

প্রজ্ঞাপনটি অতিরিক্ত গেজেট আকারে প্রকাশ করিয়া ২০০(দুইশত)

কপি জরুরি ভিত্তিতে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হইল]


অপব পঠায় দস্তাব

নম্বর-০৪.০০.০০০০.৬১১.০০৬.০০২.১৪- ২০৫

তারিখ ১৭ পৌষ, ১৪২২
৩১ ডিসেম্বর ২০১৫

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব.....মন্ত্রণালয়/বিভাগ।
- ৩। অতিরিক্ত সচিব, মন্ত্রিসভা ও রিপোর্ট অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৪। মাননীয় প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা (মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৫। অতিরিক্ত সচিব (সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ।
- ৬। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব,.....মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৭। উপসচিব, ই-গভর্নেন্স অধিশাখা, মন্ত্রিপরিষদ বিভাগ(প্রজ্ঞাপনটি মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
- ৮। মন্ত্রিপরিষদ সচিব-এর একান্ত সচিব (মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।


(মনজুর আহমেদ)
সহকারী সচিব
ফোন : ৯৫১১০৮১